তারিখ 11 APR 2016
পৃষ্ঠা ... কলাম ...

### প্রস্তাবিত শিক্ষা আইন সংশোধন দাবি

# দেশজুড়ে পুস্তক সমিতির ধর্মঘট

**প্রিয় দেশ ডেস্ক ▷**

প্রস্তাবিত শিক্ষা আইন-২০১৬-এর কয়েকটি উপধারা সংশোধনের দাবিতে গতকাল রবিবার দেশজুড়ে মানববন্ধন ও ধর্মঘট করেছে পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে বইয়ের দোকান বন্ধ রেখে মুখে কালো কাপড় বেঁধে ধর্মঘট ও মানববন্ধন করেন সমিতির সদস্যরা। বক্তারা বলেন, দাবি মানা না হলে আগামী ১৮ এপ্রিল সারা দেশে ধর্মঘট পালন করা হবে।

**নীলফামারী** : নীলফামারী শহরের শহীদ মিনারের সামনের সড়কে সকাল ১১টা থেকে দুই ঘণ্টা মানববন্ধন করেন সমিতির নেতা ও সদস্যরা। বক্তব্য দেন সমিতির নীলফামারী জেলা শাখার নেতা মো. ওয়ালি উল্লাহ, মো. ওমর ফারুক, মো. আবু বক্কর সিদ্দিক, মো. সহিদুল ইসলাম, মো. মেসের আলী প্রমুখ।

**রাজবাড়ী** : ধর্মঘটকালে দুপুরে রাজবাড়ী শহরের প্রধান সড়কে মৌন মিছিল ও কেন্দ্রীয় শহীদ মিনারে কিছু সময় অবস্থান করেন সমিতির সদস্যরা। এ সময় উপস্থিত ছিলেন সমিতির নেতা ওয়াজিউল্লাহ মন্টু, আনিসুর রহমান, আব্দুর রাজ্জাক, মীর জুলফিকার আলী টিটোসহ ৫০ জনের বেশি বই বিক্রেতা।

**মানিকগঞ্জ** : সকালে মানিকগঞ্জ প্রেসক্লাবের সামনে সমিতির জেলা শাখার সভাপতি কাজী মোকলেছুর রহমানের সভাপতিত্বে বক্তব্য দেন মীর মোখসেদুল আলম, সাখাওয়াত হোসেন, আবুল কালাম আজাদ, শিবালয় সমিতির ইকবাল হোসেন, সাটুরিয়া সমিতির জাহাঙ্গীর আলম ও সিঙ্গাইর সমিতির আবুল হাশেম।

**লক্ষ্মীপুর** : লক্ষ্মীপুর শহীদ মিনারে দুপুরে নীরব প্রতিবাদ কর্মসূচি পালন করা হয়। এ সময় সমিতির জেলা নেতা আবদুর রহিম খান, মহিউদ্দিন চৌধুরী, স্বপন দেবনাথ প্রমুখ বক্তব্য দেন।

**ময়মনসিংহ** : সকাল থেকেই ময়মনসিংহের সব বইয়ের দোকান বন্ধ রাখেন ব্যবসায়ীরা। এ ছাড়া মুখে কালো কাপড় বেঁধে কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে এক ঘণ্টা অবস্থান করেন। বক্তব্য দেন সমিতির নেতা আব্দুর রব মোশাররফ, চন্দন বিশ্বাস প্রমুখ।

**শেরপুর** : শেরপুর শহরের চকবাজার কেন্দ্রীয় শহীদ মিনারে দুপুরে এক ঘণ্টা অবস্থান কর্মসূচি পালিত হয়।